

আমরা সবই খাই

ইরতিশাদ আহমদ

আমরা বাঙালি
আমরা সবই খাই
চাই বা না চাই

আমরা করিনা পান
পানি কিংবা জল
হোক না যতই তরল

আমরা খাই
চা কফি সরবৎ
পানীয় তাবৎ

আমরা ধূম্রখাই
ছঁকা চুরগট সিগারেটে
রয়না যদিও কিছুই পেটে

আমরা খাই হাওয়া
মাঠে ময়দানে
আঙিনায় উঠানে

পড়ে গেলে বলি
খেয়েছি আছাড়
ভাঙ্গলেও হাঁড় পাছার

খেলায় হেরে গেলে
বলি খেয়েছি গোল
পেট ফুলে যদিও হয়না ঢোল

আর মোরা হরদম খাই
ঝাঁটা-লাথি কিল-ঘুমি
খেয়ে যদিও হইনা খুশী

মার খাই বকা খাই
আর খাই পিটুনি
ধুমধাম গপাগপ সবকিছু খেয়ে নিই

ফেঁসে গেলে ধরা খাই
ঠকা খাই ঠকে গেলে
সবই খাই, কিছুই দেইনা ফেলে

ঘুম খেয়ে করেছি নাম বিশ্বে
যত পার দাও গালি
পরোয়া করিনা, আমরা বাঙালী

গালি ? সেও খাই
কিছুই যায়না বাদ
বাঙালীর রসনায়, নহে কিছুই বিস্বাদ ।

মায়ামী, ফ্লোরিডা
বৈশাখ ১৪১২, এপ্রিল ২০০৫